গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/এ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.২০১৯-১২৬৭

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মে ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ২১ তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ শাহজাহান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), নিপোর্ট, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২৭ এপ্রিল, ২০২২ খ্রি. বেলা ১১.৩০ টা
সভার স্থান : নিপোর্ট, সভাকক্ষ।

উপস্থিত সদস্য বৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত নিপোর্টের সকল সদস্য, জুম অ্যাপস এর মাধ্যমে সংযুক্ত আরপিটিআই এবং আরটিসি'র অধ্যক্ষ ও প্রশিক্ষণ কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) গত ১৮.০১.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২০তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর ত্রৈমাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ। | বিগত ১৮.০১.২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বিগত ১৮.০১.২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত ২০তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী আলোচনা মোতাবেক সংশোধনীসহ দৃঢ় করা হলো। | পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/গবেষণা-চলতি দায়িত্ব) এবং উপপরিচালক (প্রশাসন), নিপোর্ট |
| ২ | ২০২১-২২ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের উপর কোডভিত্তিক আলোচনা | ১. নিপোর্ট এর অধীন টি আরডি শীর্ষক ওপির ২০২১-২২ অর্থবছরের বাজেট ৭৭৯৫.০০ লক্ষ টাকা যা হতে মার্চ-২০২২ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ১৯০৪.০০ লক্ষ টাকা (২৬.৪৪%)<br><br>২. এছাড়া ২০২১-২০২২ অর্থবছরের নিপোর্ট এর অধীন প্রতিষ্ঠানসমূহের পরিচালন বাজেটের বরাদ্দ ৬৮৭৫.০০ লক্ষ টাকা যা হতে ২০ এপ্রিল ২০২২ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ৩৪৭৬.০০ লক্ষ টাকা (৫০.১০%)<br>৩. মহাপরিচালক নিপোর্ট বিভাগীয় শহরে ০৪ (চার) টি আরপিটিআইতে ইনডোর গেইমে টেবিল টেনিস যুক্ত করার উপর গুরুত্বারোপ করেন। | ১. নিপোর্ট এর অধীন টি আরডি শীর্ষক ওপির ২০২১-২২ অর্থবছরের বাজেট ৭৭৯৫.০০ লক্ষ টাকা যা হতে মার্চ-২০২২ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ১৯০৪.০০ লক্ষ টাকা (২৬.৪৪%)<br><br>২. এছাড়া ২০২১-২০২২ অর্থবছরের নিপোর্ট এর অধীন প্রতিষ্ঠানসমূহের পরিচালন বাজেটের বরাদ্দ ৬৮৭৫.০০ লক্ষ টাকা যা হতে ২০ এপ্রিল ২০২২ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ৩৪৭৬.০০ লক্ষ টাকা (৫০.১০%)<br><br>৩. বিভাগীয় শহরের ০৪ (চার) টি আরপিটিআই যথাক্রমে খুলনা, রাজশাহী, বরিশাল এবং সিলেট-এ ইনডোর গেইমে টেবিল টেনিস যুক্ত করার সিদ্ধান্ত হয়। এই লক্ষ্যে সরঞ্জামাদি ক্রয়ের ব্যবস্থা করতে হবে। | ১. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/ গবেষণা-চলতি দায়িত্ব মূল্যায়ণ বিশেষজ্ঞ/ অডিওভিজ্যুয়াল স্পেশালিষ্ট/ তত্ত্বাবধায়ক (প্রশাসন)<br><br>২. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/ গবেষণা-চলতি দায়িত্ব মূল্যায়ণ বিশেষজ্ঞ/ অডিওভিজ্যুয়াল স্পেশালিষ্ট/ তত্ত্বাবধায়ক (প্রশাসন)<br><br>৩. পরিচালক (প্রশাসন) |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩ | অকেজো গাড়ি দরপত্রের মাধ্যমে বিক্রি সংক্রান্ত আলোচনা | ১. উপপরিচালক (প্রশাসন) জানান যে, ০২ (দুই) টি অকেজো গাড়ি আরপিটিআই বগুড়া এবং কুমিল্লাতে অরক্ষিত অবস্থায় আছে। উক্ত গাড়ি ০২ (দুই) টি স্থানীয়ভাবে দরপত্র আহবানের মাধ্যমে সরকারী বিধি অনুসরণ করে বিক্রয় করতে হবে।<br>২. মহাপরিচালক নিপোর্ট জানান যে, আরপিটিআই, মানিকগঞ্জে নিপোর্টের জাস/সাস নম্বরযুক্ত ০৫ (পাঁচ) টি গাড়ি নিপোর্ট সদর দপ্তর থেকে টেন্ডার কার্যক্রম গ্রহণ করে বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. ০২ (দুই) টি অকেজো গাড়ি আরপিটিআই বগুড়া এবং কুমিল্লার অরক্ষিত অবস্থায় আছে। উক্ত গাড়ি ০২ (দুই) টি স্থানীয়ভাবে দরপত্র আহবানের মাধ্যমে সরকারী বিধি অনুসরণ করে বিক্রয় করতে হবে।<br>২. আরপিটিআই, মানিকগঞ্জে নিপোর্টের জাস/ সাস নম্বরযুক্ত ০৫ (পাঁচ) টি গাড়ি নিপোর্ট সদর দপ্তর থেকে টেন্ডার কার্যক্রম গ্রহণ করে বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. অধ্যক্ষ, আরপিটিআই, বগুড়া/কুমিল্লা<br><br>২.তত্ত্বাবধায়ক (প্রশাসন), নিপোর্ট |
| ৪ | মন্ত্রণালয়ে মাসিক রিপোর্ট প্রেরণ ও পেন্ডিং বিষয় সংক্রান্ত। | প্রতি মাসের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন, শূণ্য পদ পূরণে কর্মপরিকল্পনা, অনিষ্পন্ন বিষয়াদি (মন্ত্রণালয়ে) বিষয়ে প্রতিবেদন, পেন্ডিং পেনশন বিষয়ে প্রতিবেদন এবং অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক ছক মোতাবেক মন্ত্রণালয়ের চাহিত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ১. প্রতিবেদন প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. অধ্যক্ষ ও প্রশিক্ষণ কর্মকর্তাবৃন্দ মাসিক প্রতিবেদনসমূহ প্রতি মাসের ০২ তারিখের মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করবেন। | পরিচলক (প্রশাসন)/ প্রশিক্ষণ /গবেষণা- চলতি দায়িত্ব) এবং অধ্যক্ষ (সকল)/ প্রশিক্ষণ কর্মকর্তা (সকল) |
| ৫ | পেন্ডিং পত্র নিষ্পত্তি | মার্চ-২০২২ মাসের নিম্নে বর্ণিত পত্রাদির তথ্যাদি উপস্থাপন করা হলো।<br>**প্রশাসন ইউনিটঃ**<br>১. প্রশাসন শাখা-মোট পত্র-১১ টি, নিষ্পন্ন-১১টি,<br>২. পরিবহণ শাখা-মোট পত্র-০২টি, নিষ্পন্ন-০২টি।<br>৩. নির্মাণ শাখা মোট পত্র -১০টি, নিষ্পন্ন-১০টি<br>৪. আরপিটিআই শাখা-মোট পত্র-২০ টি, নিষ্পন্ন ২০ টি।<br>৫. আরটিসি শাখা-মোট পত্র-৩৭টি, নিষ্পন্ন-৩৭টি<br>**প্রশিক্ষণ ইউনিট**<br>মোট পত্র-১২৬ টি, নিষ্পন্ন- ১২৬ টি।<br>**গবেষণা ইউনিটঃ** মোট পত্র-১৫ টি, নিষ্পন্ন- ১৫ টি। | ১. সকল চিঠিপত্র নিয়মিত ভাবে নিষ্পত্তি করতে হবে। সচিবালয় নির্দেশমালা অনুসরণ করে পত্র নিষ্পত্তির তথ্য পত্র প্রাপ্তি রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।<br>২. পত্র জারি রেজিষ্টারেও সকল তথ্য সন্নিবেশপূর্বক সংরক্ষণ করতে হবে।<br>৩. সকল পত্র ই-নথিতে উপস্থাপন করে নিষ্পত্তি করতে হবে। প্রেরণের ক্ষেত্রে ই-নথিতে ব্যবহার করতে হবে।<br>৪. এক মাসের অধিক কোন পত্র পেন্ডিং থাকলে তা মহাপরিচালকের নজরে আনতে হবে। | পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/ গবেষণা- চলতি দায়িত্ব/ ও সংশ্লিষ্ট সকল |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | মাঠ পর্যায়ের নির্মাণ কাজ সংক্রান্ত আলোচনা | ১. নিপোর্টের আওতাধীন সকল আরপিটিআই এবং সকল আরটিসি এর নির্মাণ কাজ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. নির্মাণ ও মেরামত কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য প্রধান প্রকৌশলী, এইচইডি'র দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ২. কক্সবাজার জেলা সদরে আরপিটিআই নির্মাণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসঙ্গে মহাপরিচালক নিপোর্ট জানান যে, ৩ (তিন) একর জমি নির্বাচন করার জন্য জেলা প্রশাসক, কক্সবাজারকে পত্র দিতে হবে। | ২. ৩ (তিন) একর জমি নির্বাচন করার জন্য জেলা প্রশাসক, কক্সবাজারকে পত্র দিতে হবে। | ২. তত্ত্বাবধায়ক (প্রশাসন) |
| | | ৩. আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই) রংপুরের নির্মাণ কাজ দ্রুত শুরু করার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৩. আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই) রংপুরের নির্মাণ কাজ দ্রুত শুরু করার জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) কে পুনরায় পত্র দিতে হবে। | ৩. মিজ মুকিমা শিরিন, প্রশিক্ষণ কর্মকর্তা (সংযুক্ত) |
| | | ৪. উপপরিচালক (প্রশাসন) নিপোর্ট জানান যে, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার কালাপুর মৌজার ভৈরব বাজারের নিকট FWC এর ভূমির মধ্যে একটি RTC নির্মাণ করার ব্যাপারে প্রশাসনিক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিকট থেকে প্রতিবেদন চায়। পরিবার পরিকল্পনা অধিদপ্তর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে সংশ্লিষ্ট ভূমির রেকর্ড পরিবর্তনের সুপারিশ করা হয়েছে। এ প্রসঙ্গে মহাপরিচালক নিপোর্ট জানান যে, রেকর্ড পরিবর্তনের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজারকে পত্র দেওয়া যায়। | ৪. রেকর্ড পরিবর্তনের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজারকে পুনরায় পত্র দিতে হবে। | ৪. মিজ মুকিমা শিরিন, প্রশিক্ষণ কর্মকর্তা (সংযুক্ত) |
| | | ৫. ময়মনসিংহ বিভাগীয় সদরে নতুন আরপিটিআই নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক ময়মনসিংহকে পুনরায় পত্র দেয়ার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৫. ময়মনসিংহ বিভাগীয় সদরে নতুন আরপিটিআই নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক ময়মনসিংহকে পুনরায় পত্র দিতে হবে। | ৫. মিজ মুকিমা শিরিন, প্রশিক্ষণ কর্মকর্তা (সংযুক্ত) |
| | | ৬. চাঁদপুর জেলা সদরে আরপিটিআই নির্মাণের কাজ দ্রুত শুরু করার উপর মহাপরিচালক নিপোর্ট গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী, ঢাকা সিটি বিভাগ জানান যে, আগামী মে মাসের মধ্যে টেন্ডার কার্যক্রম শুরু করা হবে। | ৬. নির্বাহী প্রকৌশলী এইচইডি চাঁদপুরকে নির্মাণ কাজ দ্রুত শুরু করার জন্য পত্র দিতে হবে। | ৬. মিজ মুকিমা শিরিন, প্রশিক্ষণ কর্মকর্তা (সংযুক্ত) |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ | ই-ফাইলিং | মহাপরিচালক নিপোর্ট জানান যে, এখন থেকে নিপোর্টের সকল কর্মকর্তা এবং কর্মচারীদের ছুটি, জিপি ফান্ড হতে অর্থ উত্তোলন সংক্রান্ত সকল পত্রের কাজ ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | ১. নিপোর্টের সকল কর্মকর্তা এবং কর্মচারীদের ছুটি, জিপি ফান্ড হতে অর্থ উত্তোলন সংক্রান্ত সকল পত্রের কাজ ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>২. প্রতি মাসে ১০ (দশ)টি ই-নথি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রেরণ করতে হবে।<br>৩. নিপোর্টের প্রশাসন শাখা থেকে ৬(ছয়)টি , প্রশিক্ষণ শাখা থেকে ২ (দুই)টি এবং গবেষণা শাখা থেকে ২ (দুই) টি সর্বমোট ১০ (দশ)টি ই-নথি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪. সকল আরপিটিআই ও আরটিসিতে ই-নথির কার্যক্রম শুরু করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৫. পেনশন কার্যক্রম অনলাইনে প্রক্রিয়াকরণের ব্যবস্থা নিতে হবে। অনলাইনে আবেদন করতে হবে। সফটওয়্যার সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/ গবেষণা-চলতি দায়িত্ব) ও হিরো ধর, প্রশিক্ষক,নিপোর্ট। |
| ৮ | ওয়েব মেইল ব্যবহার | ১. সভাপতি বলেন, অফিসিয়াল চিঠি অফিসিয়াল ওয়েব মেইলে প্রেরণ করতে হবে। উপপরিচালক (প্রশাসন) জানান যে, কমন-ওয়েব মেইল তৈরি করে এ সংক্রান্ত পত্র প্রেরণ করেছেন।<br>২. আরপিটিআই ও আরটিসি ওয়েব-মেইল এর জন্য পত্র বিসিসিকে প্রেরণ করা হলে তারা সকল RPTI এবং সকল RTC'র ওয়েব-মেইল তৈরি করে এ সংক্রান্ত পত্র প্রেরণ করেছেন। | ১. কমন ওয়েব-মেইলের মাধ্যমে নিপোর্টের সকল পত্র আদান প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২. ওয়েব-মেইলের মাধ্যমে আরপিটিআই ও আরটিসি'র সকল পত্র আদান-প্রদান অব্যাহত রাখতে হবে। | ১. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/ গবেষণা-চলতি দায়িত্ব) সকল কর্মকর্তা, নিপোর্ট। অধ্যক্ষ/ প্রশিক্ষণ কর্মকর্তা<br>২. জনাব হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট। |
| ৯ | ইজিপি'র মাধ্যমে ক্রয় কার্যক্রম। | ১. ইজিপি কার্যক্রম সম্পর্কে উপপরিচালক (প্রশাসন) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে প্রশাসন শাখার টেন্ডার কার্যক্রম ইজিপি'র মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। এ প্রসংগে মহাপরিচালক জানান যে, তিনটি ইউনিটের সকল টেন্ডার কার্যক্রম ইজিপি'র মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>২. রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে সকল ক্রয় কার্যক্রম আগামী ৩০ এপ্রিল/২০২২ সালের মধ্যে সম্পন্ন করার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. ২০২১-২০২২ অর্থ বছরে সকল টেন্ডার কার্যক্রম দ্রুত ইজিপি'র মাধ্যমে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২. রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে সকল ক্রয় কার্যক্রম আগামী ৩০ এপ্রিল/২০২২ সালের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১. তত্ত্বাবধায়ক (প্রশাসন)<br>২. তত্ত্বাবধায়ক (প্রশাসন) |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০ | জনবল নিয়োগ সংক্রান্ত আলোচনা | ১. উপপরিচালক (প্রশাসন) জানান যে, অফিস সহায়ক পদের লিখিত পরীক্ষা তারিখ ও সময় নির্ধারণ করা প্রয়োজন। এ প্রসঙ্গে মহাপরিচালক জানান যে, আগামী এপ্রিল/মে মাসের যেকোন সুবিধানজক সময়ে লিখিত পরীক্ষা গ্রহণের উদ্যোগ নিতে হবে। | ১. আগামী এপ্রিল/মে মাসের যেকোন সুবিধানজক সময়ে লিখিত পরীক্ষা গ্রহণের উদ্যোগ নিতে হবে। | ১. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ /গবেষণা-চলতি দায়িত্ব) ও হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট। |
| | | ২. মহাপরিচালক নিপোর্ট জানান যে, নিপোর্ট, আরপিটিআই এবং আরটিসি'র তৃতীয় ও চতুর্থ শ্রেণির সকল শূন্য পদ পূরণের লক্ষ্যে এখন থেকে ব্যবস্থা নিতে হবে। | ২. নিপোর্ট প্রধান কার্যালয়, আরপিটিআই এবং আরটিসি'র তৃতীয় ও চতুর্থ শ্রেণির সকল শূন্য পদের হিসাব করে দ্রুত মন্ত্রণালয় থেকে প্রশাসনিক অনুমোদন নিয়ে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দিতে হবে। | ২. উপপরিচালক (প্রশাসন) |
| | | ৩. মহাপরিচালক নিপোর্ট জানান যে, পদোন্নতিযোগ্য শূণ্য পদ দ্রুত পূরণ করার ব্যবস্থা নিতে হবে। | ৩. পদোন্নতিযোগ্য শূণ্য পদ দ্রুত পূরণ করার ব্যবস্থা নিতে হবে। | ৩. উপপরিচালক (প্রশাসন) |
| | | ৪. উপপরিচালক (প্রশাসন) জানান যে, অফিস সহায়ক পদে পরীক্ষা আগামী ১৩.০৫.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। | ৪. অফিস সহায়ক পদে পরীক্ষা দ্রুত সম্পন্ন করতে হবে। | ৪. উপপরিচালক (প্রশাসন) |
| ১১ | শুদ্ধাচার | উপপরিচালক (প্রশাসন) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ আরপিটিআই এবং আরটিসিতে প্রেরণ করা হয়েছে। এছাড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষে প্রতি মাসে কমিটির সভা করে বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। | ১. প্রতি মাসে কমিটির সভা করে বাস্তবায়ন অগ্রগতি মহাপরিচালককে জানাতে হবে। | পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ /গবেষণা ভারপ্রাপ্ত))/ অডিও ভিজ্যুয়াল স্পেশালিষ্ট/ জনাব হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট। |
| ১২ | মুজিব বর্ষ উপলক্ষে বৃক্ষ রোপণ সংক্রান্ত আলোচনা | ১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উপলক্ষে আরপিটিআই এবং আরটিসি অফিস ভবন চত্বরে বকুলসহ অন্যান্য দীর্ঘজীবী গাছ লাগানোর বিষয়ে সভায় আলোচনা হয়। মহাপরিচালক নিপোর্ট জানান যে, সকল আরপিটিআই এবং আরটিসিতে ১০০০টি বিভিন্ন প্রজাতির গাছ লাগাতে হবে। যে সকল প্রতিষ্ঠানে জায়গা বেশি সেখানে বেশি গাছ লাগাতে হবে। এ প্রসংগে উপপরিচালক (প্রশাসন) জানান যে, মুজিব বর্ষ উপলক্ষে এ পর্যন্ত ১২টি RPTI এবং ২০টি RTC তে বিভিন্ন প্রজাতির ২২২৫টি বৃক্ষ রোপনের প্রতিবেদন পাওয়া গেছে। | ১. নতুন গাছ লাগানোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. উপপরিচালক (প্রশাসন) অধ্যক্ষ (সকল) আরপিটিআই এবং প্রশিক্ষণ কর্মকর্তা (সকল) আরটিসি |
| | | ২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উপলক্ষে মুজিব বর্ষের লোগো ব্যবহারের উপর মহাপরিচালক মহোদয় গুরুত্বারোপ করেন। | ২. পানির মগ/অফিসিয়াল ব্যাগে মুজিব বর্ষের লোগো ব্যবহার করা হবে। এ সংক্রান্ত উদ্যোগ দ্রুত গ্রহণ করতে হবে। | ২. তত্ত্বাবধায়ক (প্রশাসন), নিপোর্ট। |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৩ | অডিট সংক্রান্ত আলোচনা | মহাপরিচালক নিপোর্ট জানান যে, দ্বিপাক্ষিক/ত্রিপক্ষীয় সভার উদ্যোগ গ্রহণ করে অডিট আপত্তি নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। অতঃপর উপপরিচালক (প্রশাসন) জানান যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৫. ১০. ২০২০ খ্রি. তারিখের ৫৯. ০০. ০০০০. ১২৪. ০১. ০১৮. ২০- ২৫৪ নং স্মারকের বরাতে ১৯৭১-৭২ অর্থ বছর থেকে ২০০৯-২০১০ অর্থ বছর পর্যন্ত সকল সাধারণ অডিট নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে নিপোর্ট, আরপিটিআই এবং আরটিসি-তে ২০১০-২০১১ অর্থ বছর থেকে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত মোট ৪৭টি নিরীক্ষা আপত্তি আছে। বর্তমানে মোট ৪৭টি আপত্তির বিপরীতে ৭৫,৬৮,২৫,৭৩৫.০০ টাকা জড়িত আছে।<br>এছাড়া নতুন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত ব্রডশীট জবাব প্রস্তুত করা হচ্ছে। দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | ১. নিপোর্ট এর আওতাধীন সকল আরপিটিআই এবং আরটিসি নির্ধারিত ছক মোতাবেক পূর্ণাংগ তথ্য প্রতি মাসের ৩ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরিত পত্রসমূহে সঠিক তথ্য উপস্থাপন করে প্রেরণ করতে হবে।<br>৩. স্বাস্থ্য অডিট অধিদপ্তরের স্মারক নং- ৮২.১৭.০০০০.৩৫০.০২.০৪২.২১.২৫ ১(১) তারিখ: ২৮.০৩.২০২২ খ্রি. এর মাধ্যমে ২০১৭-১৮ অর্থবছরের নিরীক্ষা আপত্তির ০৫টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। যার বিপরীতে ২০,৮৭,৩৪,২৩৫.০০ টাকা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ৪৭টি আপত্তির বিপরীতে ৭৫,৬৮,২৫,৭৩৫.০০ টাকা জড়িত আছে। | জনাব মো. এমদাদুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা, নিপোর্ট। |
| ১৪ | এপিএ সংক্রান্ত আলোচনা | ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ বাস্তবায়নে বিভিন্ন সূচকের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় ফোকাল পার্সন জনাব মো. রাজিবুল হাসান, অডিও ভিজ্যুয়াল স্পেশালিষ্ট জানান যে, ১৬/০৮/২০২১ খ্রি. তারিখ থেকে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ শুরু হয়েছে। | ১. ২০২১-২২ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>২. ২০২১-২২ অর্থ বছরে এপিএতে গৃহীত কার্যক্রম বাস্তবায়নে পরিচালকগণ আরো তৎপর হবেন।<br>৩. প্রত্যেক পরিচালক তার ইউনিটের এপিএর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন বিষয়ে পর্যালোচনা সভায় আলোচনা করবেন। ফোকাল পার্সন এ বিষয়ে সার্বিক সহায়তা প্রদান করবেন। | পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/ গবেষনা-চলতি দায়িত্ব) জনাব মো. রাজিবুল হাসান, অডিও ভিজ্যুয়াল স্পেশালিষ্ট ও এপিএ ফোকাল পার্সন। |
| ১৫ | মাঠ পর্যায়ের প্রশাসনিক/ প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং ও সুপারভিশন | ১. পরিচালক (প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, অক্টোবর/২০২১ থেকে মার্চ/২০২২ পর্যন্ত জনাব মোহা: মাহফুজুর রহমান, জনাব বিশ্বজিৎ বৈশ্য এবং ডা. মো: সাইফুল ইসলাম এ ০৩ জন উর্ধ্বতন প্রশিক্ষক দুইবার করে মনিটরিং করেছেন এবং প্রত্যেকে প্রতিবেদন দাখিল করেছেন।<br>২. পরিচালক (প্রশিক্ষণ) পরিদর্শন কাজ নিয়মিতভাবে তদারকি করছেন। | ১. প্রত্যেক উর্ধ্বতন প্রশিক্ষক RPTI এবং RTC-এর প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং ও সুপারভিশন করে মহাপরিচালকের নিকট অবশ্যই প্রতিবেদন দাখিল করবেন।<br>২. পরিচালক (প্রশিক্ষণ) পরিদর্শন কাজ তদারকি করবেন। | পরিচালক (প্রশিক্ষণ), উপপরিচালক (প্রশিক্ষণ) ও উর্ধ্বতন প্রশিক্ষক (সকল), নিপোর্ট। |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬ | প্রশিক্ষণ কার্যক্রম বিষয়ে আলোচনা | ১.১ ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রশিক্ষণের বাস্তব ও আর্থিক অগ্রগতির শতভাগ অর্জনের জন্যে ইতিমধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>১.২ মার্চ/২০২২ পর্যন্ত উন্নয়ন বাজেটের মাধ্যমে নিপোর্ট প্রধান কার্যালয়ে ১৮৮ জন, আরপিটিআই-এ ২৩৩২ জন ও আরটিসি-তে ২৯০০ জন-সহ মোট ৫৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>১.৩ একই সময়ে পরিচালন বাজেটের মাধ্যমে ই-নথি বিষয়ে ৩৫ জন, সক্ষমতা বৃদ্ধি বিষয়ে ২০ জন, নিপোর্টে নবযোগদানকৃত ১৫ জন কর্মকর্তা এবং ২৫ নিপোর্ট স্টাফদের ওরিন্টেশন-সহ নিপোর্টের মোট ৯৬জন কর্মকর্তাকে In-house Training প্রদান করা হয়েছে। তাছাড়া, ২০টি আরটিসি-তে ০২ ব্যাচ করে ২০ ব্যাচে মোট ৭৭৯ জন পরিবার কল্যাণ সহকারীদের ০২ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>১.৪ উন্নয়ন এবং পরিচালন বাজেটের মাধ্যমে মোটপ্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>২.১ ২০২১-২০২২ অর্থ বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-সহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের অর্থায়নে/সহযেগিতায় আরপিটিআই, রাঙ্গামাটি-তে ২৮ ব্যাচ এবং আরপিপিআই, সিলেটে ৬ ব্যাচ-সহ মোট ৩৪ ব্যাচ প্রশিক্ষণের মাধ্যমে ৯০৯ (৭৬৭+১৪২) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>২.২ Save the Children MaMoni MNCS Project-এর আওতায় আপিটিআই কুমিল্লা ও ফরিদপুরে ০৯ ব্যাচে ১৪৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১. ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণের বাস্তব ও আর্থিক অগ্রগতির শতভাগ অর্জনের জন্যে সচেষ্ট থাকতে হবে।<br>২. উন্নয়ন সহযোগী এবং অন্যান্য সংস্থার অর্থায়নে/ সহযোগিতায় পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের তথ্যাদিও ত্রৈমাসিক সমন্বয় সভায় আলোচনা করতে হবে এবং সভার কার্যবিবরণীতে উল্লেখ থাকতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) ও উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট। |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৭ | কারিকুলাম বিষয়ক আলোচনা | ১) ২০২১-২০২২ অর্থ বছরে কারিকুলামগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে প্রণয়ন/রিভিউ করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>২) ইতিমধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের সেবা ও সুরক্ষা বিষয়ে ০২ দিনের ওরিয়েন্টেশন কারিকুলামটি ০৫ দিনের উপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং কারিকুলাম উন্নয়ন কমিটির ০৫ দিনের ০২টি কর্মশালার মাধ্যমে প্রাথমিক খসড়া কারিকুলাম প্রণয়ন করা হয়েছে।<br>৩) ২০২১-২০২২ অর্থ বছরে প্রাইমারী, সেকেন্ডারী ও টারশিয়ারি পর্যায়ের সেবা প্রদানকারীদের হাসপাতাল ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য কারিকুলাম প্রণয়নের জন্য ০২টি বিষয় নির্ধারণী কর্মশালা এবং কারিকুলাম উন্নয়ন কমিটির ০৫ দিনের ০২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>৪) FWA-দের মৌলিক প্রশিক্ষণ কারিকুলাম রিভিউ করার জন্য ০১টি বিষয় নির্ধারণী কর্মশালা এবং কারিকুলাম উন্ননয়ন কমিটির ০৫ দিনের ০১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | ১. ২০২১-২০২২ অর্থ বছরে যে কারিকুলামগুলো প্রণয়ন/রিভিউ করার জন্য নির্ধারিত আছে সেগুলোর কাজ দ্রুত শেষ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট ও কারিকুলাম বিশেষজ্ঞ, নিপোর্ট। |
| ১৮ | Bangladesh Urban Health Survey (BUHS) ২০২০ | সার্ভের তথ্য সংগ্রহ শেষ হয়েছে যা নিপোর্ট থেকে সরাসরি মনিটরিং করা হয়েছে। মাঠ পযায় থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ পূর্বক খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত সার্ভে প্রতিবেদন পযালোচনা ও চূড়ান্তকরণের কাজ চলমান। | দ্রুতসময়ের মধ্যে সার্ভের প্রতিবেদন চূড়ান্ত করতে হবে এবং ডিসেমিনেশন সেমিনার আয়োজন করতে হবে। | পরিচালক (গবেষণা) উর্ধ্বতন গবেষণা সহযোগী, মূল্যায়ন বিশেষজ্ঞ ও পরিসংখ্যানবিদ। |
| ১৯ | An assessment of current status of PPFP services in Bangladesh: Identify the opportunities and Barriers. | গবেষণা প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে এবং সেমিনারের জন্য উপস্থাপনা তৈরী করা হয়েছে। | দ্রুত গবেষণা প্রতিবেদন প্রকাশ করতে হবে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী ও পরিসংখ্যানবিদ। |
| ২০ | Utilization of Essential Service Delivery (UESD) Survey 2019: | সার্ভের প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে। সেমিনার আয়োজনের লক্ষ্যে সময় নির্ধারণের জন্য ব্রিফ ও উপস্থাপনা সহ মাননীয় মন্ত্রী মহোদয়ের দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | দ্রুত সার্ভের প্রতিবেদন প্রকাশ করতে হবে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ ও পরিসংখ্যানবিদ। |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২১ | অগ্রাধিকার ভিত্তিক গবেষণা কার্যক্রম | নিম্ন ২-৯নং ক্রমিকের গবেষণা সমূহের প্রতিবেদনসমূহ টেকনিক্যাল রিভিউ কমিটির সভায় পর্যালোচনা করা হয়েছে। কমিটির সিদ্ধান্ত ও পরামর্শ অনুযায়ী বর্তমানে তা চূড়ান্তকরণের কাজ চলমান। ১নং গবেষণার ৫৫% তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে বাকী তথ্য সংগ্রহ কাজ চলমান।<br>1) Family Planning-Maternal, Child, Reproductive and Adolescent Health Services in the Urban Areas (City Corporations, Municipalities and Cantonment Board<br>2) Assess Existing Referral System of Health and Family Planning Program in Bangladesh: for strengthening the system<br>3) Public-private partnership to expand access to Reproductive Health<br>4) Assessment of Institutional Capacity and Quality of Training Conducted by NIPORT<br>5) Prevalence of Pregnancy Induced Hypertension and its Determinants in Bangladeshi Population<br>6) Situation Analysis of Stress and Stress-coping among Adolescent<br>7) Utilization of Community Clinic Services: Providers & Client Perspectives<br>8) Determine the Role of Local Government in Facilitating Reproductive Health and Nutrition Services in Bangladesh<br>9) Family Planning Programs for Refugees for and Internally Displaced Populations, | দ্রুততম সময়ে ২-৯নং ক্রমিকে বর্ণিত গবেষণা সমূহের প্রতিবেদনসমূহ চূড়ান্ত করতে হবে এবং ১নং গবেষণার তথ্য সংগ্রহ কাজ নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | পরিচালক (গবেষণা) (ভারপ্রাপ্ত), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী ও পরিসংখ্যানবিদ। |
| ২২ | Developing Directory and Service Profile of Public, Private and NGO Sector Health Facilities | গবেষণার প্রশ্নপত্র/ চেকলিষ্ট চূড়ান্ত করা হয়েছে। বর্তমানে Tab এ questionnaire customization ও পরীক্ষা করা হয়েছে। গবেষণার তথ্যসংগ্রহকারীদের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং ৬৫% তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে বাকী তথ্য সংগ্রহ কাজ চলমান। | দ্রুততম সময়ের মধ্যে স্টাডির তথ্য সংগ্রহ শেষ করতে হবে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী। |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৩ | Knowledge Synthesis and Promotion of Use of Research, Survey and Evaluation Results in HPN Sector | এ গবেষণার আওতায় নিম্নবর্নিত ২ টি বিষয়ে Knowledge/policy briefs তৈরী করা হয়েছে;<br>a) Comparative analysis of maternal health services<br>b) Comparative analysis of nutritional status among children<br>গবেষণার প্রতিবেদনসমূহ চূড়ান্ত করা হয়েছে। সেমিনার আয়োজনের লক্ষ্যে সময় নির্ধারণের জন্য ব্রিফ ও উপস্থাপনা সহ মাননীয় মন্ত্রী মহোদয়ের দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | দ্রুত গবেষণা প্রতিবেদন প্রকাশ করতে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী ও পরিসংখ্যানবিদ। |
| ২৪ | An Assessment of Hospital Service Management in Bangladesh শীর্ষক গবেষণা | গবেষণা বাস্তবায়নের জন্য প্রশ্ন পত্র প্রণয়ন করা হয়েছে এবং তথ্য সংগ্রহকারী জনবলের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। | দ্রুততম সময়ে গবেষণার তথ্য সংগ্রহ আরম্ভ করতে হবে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী ও পরিসংখ্যানবিদ। |
| ২৫ | Newsletter- NIPORT Barta মুদ্রণ ও প্রকাশ। | Newsletter- NIPORT Barta ২৯ বর্ষ ১ম সংখ্যা মুদ্রণের জন্য প্রেসে দেয়া হয়েছে এবং ২য় সংখ্যা প্রণয়ন কাজ চলমান। | দ্রুততম সময়ে নির্ধারিত কোয়ার্টার ভিত্তিক NIPORT Barta বার্তা মুদ্রণ ও প্রকাশ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) লাইব্রেরিয়ান ও ডকুমেন্টেশন অফিসার। |
| ২৬ | Bangladesh Demographic and Health Survey (BDHS) ২০২১-২২ | সার্ভের Data collection এর জন্য উপর্যুক্ত প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সার্ভের সকল প্রশ্নপত্র প্রস্তুত করা হয়েছে, বর্তমানে বিবিএস এর সহযোগীতায় sampling frame, sample design, sampling and mapping এর কাজ চলমান। | টাইমলাইন অনুযায়ী সার্ভের কাজ বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী। |
| ২৭ | ২০২১-২০২২ অর্থবছরে পরিচালিতব্য Priority Research | Workshop এর মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরের বাস্তবায়নের জন্য Priority Research Topics করা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত ৯টি অগ্রাধিকার ভিত্তিক গবেষণাসমূহ বাস্তবায়নের জন্য ইওআই প্রস্তাবণা মূল্যায়ন কাজ শেষে সংক্ষিপ্ত তালিকাভূক্ত প্রতিষ্ঠানে RFP দেয়া হয়েছে। | দ্রুততম সময়ে গবেষণাসমূহের তথ্য সংগ্রহ আরম্ভ করতে হবে। | পরিচালক (গবেষণা), মূল্যায়ন বিশেষজ্ঞ, উর্ধ্বতন গবেষণা সহযোগী, গবেষণা সহযোগী ও পরিসংখ্যানবিদ। |

সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শাহজাহান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৬২৪৯৫
ই-মেইল: dg@niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.২০১৯-১২৮৭/১(৭৫)

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মে ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কলাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা-চলতি দায়িত্ব), নিপোর্ট (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৩ প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ ঢাকা।
৪। উপপরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৫। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)-------------------।
৬। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)---------------------।
৭। সকল কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৮। জনাব-------------------------------, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের গোপনীয় সহকারী, নিপোর্ট (কার্যবিবরণীটি নিপোর্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

২৩/৫/২০২২

(ড. মোহাম্মদ আবুল হাসান)
পরিচালক (প্রশাসন) ও যুগ্ম সচিব
ফোনঃ ২৫৮৬১৪৪৫০
ই-মেইল: hasan 1090@niport.gov.bd